# এফডি-৬

## বৈদেশিক সাহায্যতাপুষ্ট প্রকল্প সমূহের নমুনা ছক

| | | | |
|---|---|---|---|
| ১. | ক. এনজিও'র নাম | : | ম্যানেজমেন্ট অ্যান্ড রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (এমআরডিআই) |
| | খ. ঠিকানা | : | ৮/১৯ স্যার সৈয়দ রোড, ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ |
| | গ. টেলিফোন ও ফ্যাক্স নং | : | টেলিফোন ৯১৩৪৭১৭, ৯১৩৭১৪৭, ফ্যাক্স এক্সটেনশন-১১১ |
| | ঘ. ইমেল এ্যাড্রেস | : | info@mrdibd.org |
| | ঙ. ওয়েব সাইট | : | www.mrdibd.org |
| ২. | প্রকল্পের নাম | : | **নীডস এ্যাসেসমেন্ট স্ট্যাডি অব দি বাংলাদেশ মিডিয়া ইন ডিজাস্টার রিপোর্টিং** |
| ৩. | প্রকল্পের মেয়াদ | : | ০৭ মাস |
| | ক. শুরুর তারিখ | : | ০১ জুলাই ২০১৩ |
| | খ. সমাপ্তির তারিখ | : | ৩১ জানুয়ারি ২০১৪ |

৪. প্রকল্প এলাকা :

| ক্রমিক নং | জেলা/সিটি কর্পোরেশন | উপজেলা/থানা |
|---|---|---|
| ১. | ঢাকা | মোহাম্মদপুর |

৫. প্রাক্কলিত ব্যয় ও দাতা সংস্থার ঠিকানা :

ক. প্রাক্কলিত ব্যয় :

| ক্রমিক নং | বর্ণনা | প্রকল্প বর্ষ-১ | প্রকল্প বর্ষ-২ | মোট |
|---|---|---|---|---|
| ১. | বিদেশ থেকে প্রাপ্ত অনুদান (বাংলাদেশী টাকায় পরিবর্তিত) | ৪,০০,০০০ | প্রযোজ্য নহে | ৪,০০,০০০ |
| ২. | দেশে থেকে প্রাপ্ত বিদেশী দাতার স্থানীয় মুদ্রায় অনুদান | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে |
| ৩. | স্থানীয় অনুদান | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে |
| ৪. | বিদেশী মুদ্রায় (ডলার) | ৫,০০০ | প্রযোজ্য নহে | ৫,০০০ |
| | মোট | ৪,০০,০০০ | প্রযোজ্য নহে | ৪,০০,০০০ |
| | **মোট (কথায়) চার লক্ষ টাকা মাত্র** | | | |

| | | | |
|---|---|---|---|
| খ. | ১. দাতা সংস্থার নাম | : | **Korea Green Foundation (KGF)** |
| | ২. দাতা সংস্থার ঠিকানা | : | A/ 2F.Dongyang Bldg. 34-7, Jeong-dong, Jung-gu Seoul, 100-120, Korea |
| | ৩. ফোন/ফ্যাক্স নম্বর | : | Tel: +82 2 2011 4342(Erica Yoon) Fax: +82 2 725 4840 ইমেইল নম্বর : dzyoon@greenfund.org ওয়েব সাইট : http://www. greenfund.org |

৬. বিস্তারিত প্রকল্প :

ক. ভূমিকা এবং পটভূমি (সংশ্লিষ্ট এলাকায় প্রকল্প কার্যক্রমসংক্রান্ত বিরাজমান অবস্থা তথ্য/উপাত্তসহ উল্লেখপূর্বক প্রস্তাবিত প্রকল্পটি সংক্ষেপে অবতারণা করুন। প্রকল্পটি প্রণয়নকালে কিভাবে কমিউনিটিকে সম্পৃক্ত করা হয়েছে তা লিখুন) ঃ

ভৌগোলিক অবস্থান, ভূমি এবং নদীর গঠনগত কারণে বাংলাদেশ নানা ধরনের প্রাকৃতিক দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের শিকার। প্রাকৃতিক দুর্যোগসমূহের মধ্যে গ্রীষ্মমণ্ডলীয় ঘূর্ণীঝড় সবচেয়ে বড় হুমকির কারণ। অন্যান্য দুর্যোগের মধ্যে রয়েছে জলোচ্ছ্বাস, খরা, টর্নেডো, বন্যা এবং নদী ভাঙন। এর সাথে আছে কিছু কিছু ভূমিকম্পের ঘটনা। এই পানি অধ্যুষিত দেশের অন্য একটি প্রাকৃতিক দুর্যোগ হচ্ছে ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক দূষণ। কয়েক দশকের মধ্যে দেশের স্থলভাগের একটি বড় অংশ পানির নীচে তলিয়ে যাওয়ার হুমকির মধ্যে থাকা বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের মারাত্মক শিকার হিসেবে বিজ্ঞানীদের কাছে পরিগণিত।

আসন্ন দুর্যোগ সম্পর্কে জনগণকে সচেতন করার ক্ষেত্রে গনমাধ্যম একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার। তারা বিশেষজ্ঞদের অভিমত তুলে ধরে দুর্যোগ সংশ্লিষ্ট সমস্যাগুলোর কারণ এবং সম্ভাব্য সমাধান সম্পর্কে আইনপ্রণেতাদের দৃষ্টি আকর্ষণ করতে পারে। তারা জনগণকে আগাম সতর্কবার্তা দিতে পারে এবং দুর্যোগতাড়িত মানুষের দুরাবস্থা এবং প্রয়োজন তুলে ধরতে পারে যেন সরকার কার্যকরীভাবে ত্বরিৎ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

বাংলাদেশে ছাপা এবং সম্প্রচার উভয় গণমাধ্যমই এখন যথেষ্ট বিকশিত এবং শক্তিশালী। আইনপ্রণেতা এবং জনগণ উভয়ের উপরেই তাদের প্রভাব এখন অনস্বীকার্য। সাম্প্রতিক দশকগুলোতে গণমাধ্যমে দুর্যোগের কাভারেজ যেমন বেড়েছে, তেমনি গণমাধ্যমে সাধারণ মানুষের অভিগম্যতাও বেড়েছে উল্লেখযোগ্য মাত্রায়। কিন্তু তবু প্রয়োজনের তুলনায় দুর্যোগ-কাভারেজ অনেক কম। অধিকাংশ প্রতিবেদনই ঘটনাভিত্তিক, আর গভীরতাধর্মী, অনুসন্ধানী, প্রবন্ধমূলক এবং ফলো-আপ প্রতিবেদনের সংখ্যা খুবই নগন্য।

গণমাধ্যমে দুর্যোগের কাভারেজ সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ অংশ। দুর্যোগের ঝুঁকি হ্রাসকরণের উপর গণমাধ্যমে কাভারেজ বাড়লে তা দুর্যোগ ব্যবস্থাপনায় জাতীয় পর্যায়ের কর্মকাণ্ডকেও জোরদার করবে। দুর্যোগকে গণমাধ্যমের কাভারেজে আনার নতুন কৌশল সম্পর্কে

সাংবাদিকদের অবগত করানো এখন সময়ের দাবী। অনেক উন্নয়ন সংস্থা প্রায়শই সাংবাদিকদের দক্ষতা উন্নয়নের ব্যবস্থা করে থাকে, কিন্তু প্রক্রিয়ার সাথে গণমাধ্যমের সিদ্ধান্তগ্রহীতাদের সম্পৃক্ত না করায় নিউজ কাভারেজে তার কোন প্রতিফলন পড়ে না। তাছাড়া প্রশিক্ষণগুলো সাংবাদিক এবং সংবাদমাধ্যমগুলোর প্রকৃতপক্ষে যা প্রয়োজন তার ধারেকাছে থাকে না।

এই সামগ্রিক চিত্রটি মাথায় রেখে, এমআরডিআই ২০০৯ সালে ইউনেস্কোর সহায়তায় দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাস করণে গণমাধ্যমের ভূমিকার উপর একটি আবশ্যকতা যাচাই (Need assesment) জরিপ পরিচালনা করে। ওই জরিপে দেখা যায়, দুর্যোগপূর্ণ এলাকার সাংবাদিক এবং সংবাদমাধ্যমগুলো ঝুঁকি হ্রাসকরণে ব্যাপক ভূমিকা পালন করতে পারে। জরিপে উঠে আসা বিষয় এবং সুপারিশমালার ভিত্তিতে এমআরডিআই পরবর্তীতে খুলনা, বরিশাল, সিলেট, রংপুর এবং রাজশাহী বিভাগে জাতীয় পর্যায়ের সংবাদমাধ্যমের ৮০ জন স্থানীয় সংবাদদাতার সাথে কিছু দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের অয়োজন করে।

এরই প্রেক্ষাপটে, এখন সময় এসেছে যাচাই করে দেখার যে, ছাপা এবং সম্প্রচার মাধ্যমগুলোতে দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে কী ধরনের কাভারেজ হচ্ছে। যেহেতু উন্নয়নকে টেকসই করার জন্য বার বার বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করা প্রয়োজন তাই আরো একটি যাচাই জরিপ অত্যন্ত সময়োপযোগী যার মাধ্যমে সংবাদকর্মীদের দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের উপর গভীরতাধর্মী এবং ফলো-আপ প্রতিবেদনের মাধ্যমে দুর্যোগ-আক্রান্ত মানুষের উপর ইতিবাচক প্রভাব ফেলতে সক্ষম করে তোলার জন্য ভবিষ্যত কর্মপন্থা বের হয়ে আসবে।

এই প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে, সংবাদকর্মীদের দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের উপর গভীরতাধর্মী এবং ফলো-আপ প্রতিবেদনের দক্ষতা বৃদ্ধির জন্য ভবিষ্যত কর্মপন্থা বের করে আনা।

মিডিয়া গেটকিপারদের চাহিদার ভিত্তিতে এবং তাঁদের সাথে অলোচনা করেই এই প্রকল্প প্রনয়ন করা হয়েছে।

খ.
- প্রকল্পটির যৌক্তিকতা এবং জাতীয় পরিকল্পনার সাথে (যথার্থ এনএসএপিআর-২, রূপকল্প-২০২১ ও সরকারের খাতভিত্তিক উদ্দেশ্যাবলী) প্রাসঙ্গিকতা ঃ
- সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (MDG) সপ্তম লক্ষ্য হচ্ছে, টেকসই পরিবেশ নিশ্চিত করা। এ ব্যাপারে গণসচেতনতা সৃষ্টি সহ সিদ্ধান্তগ্রহীতাদের প্রভাবিত করার ক্ষেত্রে গণমাধ্যম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই গবেষণা কাজটি প্রাকৃতিক দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় গণমাধ্যমের যথাযথ ভূমিকা পালনের ক্ষেত্রে সাহায়ক হিসেবে কাজ করবে।
- সামগ্রিকভাবে দুর্যোগের ঝুঁকি মোকাবেলায় তৈরি হওয়া বাংলাদেশ সরকারের 'ন্যাশনাল প্লান ফর ডিজাস্টার ম্যানেজমেন্ট ২০১০-১৫' তে 'হোলিস্টিক অ্যাপ্রোচ'র উপর জোর দেয়া হয়েছে, যেখানে দুর্যোগ ব্যবস্থাপনায় কাজ করছে এমন সরকারি এবং বেসরকারি স্টেকহোল্ডারগণকে একসাথে কাজ করার কথা বলা হয়েছে। এক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা অনস্বীকার্য। জাতীয় পরিকল্পনা বাস্তবায়নে গণমাধ্যম গণসচেতনতা সৃষ্টিসহ ওয়াচডগের ভূমিকা পালন করতে পারে। রূপকল্প-২০২১-এ "কার্যকরী দুর্যোগ ব্যবস্থাপনা" কে একটি সাবগোল হিসেবে রাখা হয়েছে। এছাড়া ৬ষ্ট পঞ্চম-বার্ষিকী পরিকল্পনা ২০১১-২০১৬ এবং ন্যাশনাল সাসটেইনেবল ডেভলপমেন্ট স্ট্র্যাটেজি (এনএসডিএস) তে 'ন্যাশনাল প্লান ফর ডিজাস্টার ম্যানেজমেন্ট ২০১০-১৫' বাস্তবায়নের বাধ্যবাধকতা রাখা হয়েছে। এই গবেষণাধর্মী প্রকল্পটি সরকারের বিভিন্ন পরিকল্পনা এবং কৌশলের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং সরকারি লক্ষ্য অর্জনে পরিপূরক হিসেবে কাজ করবে।

গ. উদ্দেশ্যসমূহ ঃ
- দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে গণমাধ্যমের প্রতিবেদনে অগ্রগতি এবং চলমান দুর্বলতা সনাক্তকরণ
- সংবাদকর্মীদের দক্ষতা উন্নয়নের জন্য ভবিষ্যত কর্মপন্থা নির্ধারণ

ঘ. লক্ষ্যমাত্রা (সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য, অর্জনযোগ্য যথার্থতা ও সময় (SMART) নির্ধারণ করুন। পরিবীক্ষনের জন্য টার্গেট SMART করা অত্যন্ত জরুরী) ঃ
- মিডিয়া কন্টেন্ট অ্যানালাইসিস
- প্রশ্নপত্র জরিপ
- কি ইনফরম্যান্ট ইন্টারভিউ
- ফোকাস গ্রুপ আলোচনা
- বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন
- চূড়ান্ত প্রতিবেদন

| ১. | কার্যক্রমের নাম | পরিমাণ | | | অর্জনযোগ্য যথার্থতা |
|---|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | |
| ১. | মিডিয়া কনটেন্ট এ্যানালাইসিস | ১ | - | - | বাস্তবায়নের সময়: জুলাই-নভেম্বর ২০১৩ |
| ২. | প্রশ্নপত্র জরিপ | ১ | - | - | বাস্তবায়নের সময়: আগস্ট - অক্টোবর ২০১৩ |
| ৩. | কি ইনফরমেন্ট ইন্টারভিউ | ১ | - | - | বাস্তবায়নের সময়: সেপ্টেম্বর - অক্টোবর ২০১৩ |
| ৪. | ফোকাস গ্রুপ আলোচনা | ১ | - | - | বাস্তবায়নের সময়: আগস্ট-সেপ্টেম্বর ২০১৩ |
| ৫. | বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন | ১ | - | - | বাস্তবায়নের সময়: জানুয়ারি ২০১৪ |
| ৬. | অডিট ও চূড়ান্ত প্রতিবেদন | ১ | - | - | বাস্তবায়নের সময়: জানুয়ারি ২০১৪ |

ঙ. প্রত্যাশিত ফলাফল (প্রত্যেক ফলাফল গুনবাচক, সংখ্যাবাচক এবং সময়ের (QQT)ভিত্তিতে নির্দিষ্ট করুন) ঃ

- মিডিয়া কনটেন্ট এ্যানালাইসিস-এর মাধ্যমে বাংলাদেশে সংবাদ-মাধ্যমগুলো দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে কী ধরনের রিপোর্ট করে, রিপোর্টের সংখ্যা, গুণগতমান, সঠিকতা ইত্যাদি সম্পর্কে পরিষ্কার ধারণা পাওয়া যাবে।
- প্রশ্নপত্র জরিপের মাধ্যমে দুর্যোগের উপর প্রতবেদন করছে এমন কিছু নির্ধারিত সংবাদকর্মীর দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ধারণা এবং জ্ঞানের পরিধি সম্পর্কে জানা যাবে এছাড়া দুর্বলতাসমূহ সনাক্তকরণের মাধ্যমে আগামীতে সংবাদকর্মীদের কী ধরনের প্রশিক্ষণ প্রয়োজন তা জানা যাবে।
- কি ইনফরম্যান্ট ইন্টারভিউ'র মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো, দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিশেষজ্ঞ, উন্নয়ন এবং দাতা সংস্থার এ সংক্রান্ত ভাবনার প্রতিফলন পাওয়া যাবে।
- ফোকাস গ্রুপ আলোচনার মাধ্যমে দুর্যোগ পীড়িত এলাকার দুর্গত মানুষদের প্রকৃত অবস্থা, তাদের প্রয়োজন, তাদের আকাঙ্কা ইত্যাদি সম্পর্কে ধারণা পাওয়া যাবে যার আলোকে সংবাদকর্মীদের প্রশিক্ষণে কী ধরনের কন্টেন্ট যোগ করা প্রয়োজন– তা সনাক্ত হবে।
- রিপোর্ট শেয়ারিং মিটিং-এর মাধ্যমে জরিপ-প্রতিবেদনটি দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিশেষজ্ঞ, বার্তাকক্ষ নেতৃবৃন্দ, সংবাদ এবং উন্নয়ন কর্মীদের সাথে শেয়ার করা হবে এবং তাদের মতামতের ভিত্তিতে প্রতিবেদনটি চূড়ান্ত রূপ পাবে।
- চূড়ান্ত প্রতিবেদন তৈরি হওয়ার ভেতর দিয়ে এই প্রকল্প শেষ হবে, যা পরবর্তী কার্যপন্থা নিরূপনে সহায়ক হিসেবে কাজ করবে।

| ক্রম | কার্যক্রম | সংখ্যা | অর্জনযোগ্য | উপকার ভোগী | বাস্তবায়নের সময় |
|---|---|---|---|---|---|
| ১. | মিডিয়া কনটেন্ট এ্যানালাইসিস | ১ | ১ | ৬টি পত্রিকা ও ২টি টিভি | ঢাকা, জুলাই-নভেম্বর ২০১৩ |
| ২. | প্রশ্নপত্র জরিপ | ১ | ১ | | ঢাকা, আগস্ট - অক্টোবর ২০১৩ |
| ৩. | কি ইনফরমেন্ট ইন্টারভিউ | ১ | ১ | | ঢাকা, সেপ্টেম্বর - অক্টোবর ২০১৩ |
| ৪. | ফোকাস গ্রুপ আলোচনা | ১ | ১ | | ঢাকা, আগস্ট-সেপ্টেম্বর ২০১৩ |
| ৫. | বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন | ১ | ১ | | ঢাকা, জানুয়ারি ২০১৪ |
| ৬. | অডিট ও চূড়ান্ত প্রতিবেদন | ১ | ১ | | ঢাকা, জানুয়ারি ২০১৪ |

চ. প্রধান কার্যক্রমসমূহ এবং প্রতিটি কার্যক্রমের বিপরীতে বরাদ্দ ঃ

| ক্রমিক নং | প্রধান কার্যক্রমসমূহ | প্রাক্কলিত বরাদ্দ (টাকা) | উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | মিডিয়া কনটেন্ট এ্যানালাইসিস | ২৮৯,৮০০ | ৬টি পত্রিকা ও ২টি টিভি |
| ২. | প্রশ্নপত্র জরিপ | ৩,৭৫০ | |
| ৩. | কি ইনফরমেন্ট ইন্টারভিউ | ৩,৭৫০ | |
| ৪. | ফোকাস গ্রুপ আলোচনা | ৬৬,০০০ | |
| ৫. | বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন | - | |
| ৬. | অডিট ও চূড়ান্ত প্রতিবেদন | ৩৬,৭০০ | |
| | মোট | ৪০০,০০০ | |

* (উপরে বর্ণিত ফলাফলের ভিত্তিতে প্রতিটি প্রধান কার্যক্রমের বর্ণনা করুন। যে কার্যক্রম উপরে বর্ণিত ফলাফল অর্জনে সহায়ক নয় সে কার্যক্রম গ্রহণযোগ্য হবে না। উপকারভোগীর সংখ্যা প্রত্যক্ষ হতে হবে, পরোক্ষ নয়)

৭. জেলাওয়ারী বিস্তারিত কর্মকান্ড (যতগুলো জেলায় কর্মকান্ড বাস্তবায়িত হবে একই ছক ব্যবহার করে প্রত্যেক জেলার তথ্য পর পর প্রদান করতে হবে) ঃ

| ক্রমিক নং | জেলা | উপজেলা/থানা | ইউনিয়ন/ওয়ার্ড | কর্মকান্ডসমূহ | পরিমান/টার্গেট | বরাদ্দ | সময়সীমা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | | | দফা ৬(চ)-এ বর্ণিত সকল কর্মকান্ড | ৬টি পত্রিকা ও ২টি টিভি | ৪০০,০০০ | ০৭ মাস |

৮. প্রকল্প ব্যবস্থপনা :

ক. প্রত্যেক প্রধান কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি অতি সংক্ষেপে বর্ণনা করুন:

**১. মিডিয়া কন্টেন্ট অ্যানালাইসিস**

৬টি সংবাদপত্র এবং ২টি টেলিভেশনের ৬ মাস সময়কালের মধ্যে প্রকাশিত/পরিবেশিত সংবাদ মনিটরিং করে দেখা হবে কীভাবে এবং কত সংখ্যায় দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাসকরণ বিষয়ক সংবাদ পরিবেশিত হয়। তথ্য বিশ্লেষণ করে দেখা হবে, প্রদত্ত তথ্য কতটা বিশদ, কতটা সঠিক এবং যুক্তিযুক্ত এবং পাঠক/দর্শককে এ সংক্রান্ত তথ্য প্রদানে সাংবাদিকদের সক্ষমতা কতটুকু।

**২. প্রশ্নপত্র জরিপ**

সংবাদকর্মীদের দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ধারণা এবং জ্ঞানের পরিধি জানা এবং দুর্বলতা সনাক্তকরণের মাধ্যমে আগামীতে

সংবাদকর্মীদের কী ধরনের প্রশিক্ষণ প্রয়োজন তা নির্ধারণের জন্য ৫ জন নির্ধারিত জাতীয় গণমাধ্যমের সংবাদকর্মী যারা দুর্যোগ বিষয়ে রিপোর্ট করেন তাদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

**৩. কি ইনফরম্যান্ট ইন্টারভিউ**

দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ভাবনার প্রতিফলন এবং তা প্রশমনে গণমাধ্যমের করণীয় কী তা জানতে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো, দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষজ্ঞ, উন্নয়ন এবং দাতা সংস্থার ৫ জন বিশেষজ্ঞের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

**৪. ফোকাস গ্রুপ আলোচনা**

দুর্যোগ পীড়িত এলাকার দুর্গত মানুষদের প্রকৃত অবস্থা, তাদের প্রয়োজন, তাদের আকাঙ্ক্ষা ইত্যাদি সম্পর্কে ধারণা পাওয়া এবং যার আলোকে সংবাদকর্মীদের প্রশিক্ষণে কী ধরনের কন্টেন্ট যোগ করা প্রয়োজন– তা সনাক্ত করতে ৩টি ভিন্ন ভিন্ন দুর্যোগ-পীড়িত এলাকায় আক্রান্ত মানুষদের নিয়ে ফোকাস গ্রপ আলোচনা হবে। প্রতিটি ফোকাস গ্রপে সর্বোচ্চ ১০ জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করবে।

৫. বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন

জরিপ থেকে প্রাপ্ত তথ্য সন্নিবেশ করে বিচার-বিশ্লেষণের মাধ্যমে একটি প্রাথমিক প্রতিবেদন প্রস্তত করা হবে। এই প্রতিবেদনটি ২ জন বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন **করানো হবে**।

**৬. চূড়ান্ত প্রতিবেদন**

পরিশেষে, চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করে দাতাসংস্থাকে সরবরাহ করা হবে।

খ. প্রকল্পটি সহযোগী এনজিও'র মাধ্যমে বাস্তবায়িত হবে কিনা, হলে সংলগ্নী-'ক' মোতাবেক প্রত্যেক সহযোগী এনজিওর তথ্য দিন **(প্রযোজ্য নহে)**

গ. সংলগ্নী -'খ' তে প্রত্যেক ব্যক্তির (যারা প্রকল্প থেকে বেতন ভাতা-সম্মানী গ্রহণ করবেন) নিয়োগ সংক্রান্ত তথ্য দাখিল করুন

ঘ. অনুদানের অর্থ যে কোন নামেই হোক না কেন ঘূর্ণয়মান হলে নিম্নোক্ত তথ্যাদি প্রদান করুন **(প্রযোজ্য নহে)**

অ) টাকার পরিমাণ

আ) সুদের হার ও সুদ হিসাব পদ্ধতি

ই) দাতা সংস্থার/ঘূর্ণয়মান তহবিল ব্যবহারে সুস্পষ্ট নির্দেশনা (যদি থাকে)

ঈ) প্রকল্প সমাপ্তির পর এ অর্থ কিভাবে ব্যবহার হবে তা উল্লেখ করুন

ঙ. নির্মাণসংক্রান্ত বিস্তারিত তথ্য সংলগ্নী -'গ' তে প্রদান করুন **(প্রযোজ্য নহে)**

চ. খাত/উপখাত ভিত্তিক বরাদ্দ সংলগ্নী -'ঘ' তে প্রদান করুন

ছ. প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পটি কিভাবে টিকে থাকবে ও পরিচালিত হবে উল্লেখ করুন

এই যাচাই মূলক গবেষণা কাজটির লক্ষ্য হচ্ছে, বাংলাদেশের গণমাধ্যমে দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাস করণের উপর যে ধরনের কাভারেজ হয় তার সাম্প্রতিক প্রবণতা চিহ্নিত করা সহ দুর্বলতাগুলো খুঁজে বের করে তার আলোকে সাংবাদিকদে জন্য ভবিষ্যতে কী ধরনের দক্ষতা উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করা যায় তা নির্ধারণ করা। এই প্রকল্পের শেষে যে প্রতিবেদনটি পাওয়া যাবে তা আসলে একটা বেঞ্চমার্ক হিসেবে কাজ করবে পরবর্তী প্রকল্প/কর্মসূচি প্রণয়ন করার ক্ষেত্রে।

সুশাসন ও স্বচ্ছতা :

ক. প্রকল্পটি এলাকার জনগণ ও সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারী ব্যক্তিবর্গের সাথে পরামর্শক্রমে প্রণয়ণ করা হয়েছে কিনা, হলে সংক্ষিপ্ত বর্ণনা

প্রকল্পটি প্রণয়ন হয়েছে মুলত সাংবাদিকদের জন্য। সাংবাদিক নেতৃত্ব ও সরকারি-বেসরকারি বিশেষজ্ঞদের সুপারিশক্রমে এই প্রকল্পের কার্যক্রম প্রণয়ন করা হয়।

খ. অন্যান্য এনজিও এবং সরকারী চালু কর্মকান্ড (যদি থাকে) বিবেচনান্তে কাজের ও কর্মএলাকার দ্বৈততা এড়ানোর কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে উল্লেখ করুন।

আমাদের জানামাতে সাংবাদিকদের জন্য এধরণের কোনো কার্যক্রম কোনো সংস্থা দ্বারা বাস্তবায়ন হচ্ছে না। সরকারিভাবে এই প্রকল্পটির দ্বৈততা হবার কোন সম্ভাবনা নেই।

গ. এ প্রকল্পটি বা একই ধরণের প্রকল্প ইতিপূর্বে দাখিল করা হয়েছিল কিনা এবং সরকার কর্তৃক তা অননুমোদিত বা পরবর্তিতে বাতিল করা হয়েছিল কিনা ঃ **প্রযোজ্য নয়**

ঘ. সংস্থা স্বেচ্ছায় বা তথ্য অধিকার আইনের কারণে নিম্নবর্ণিত তথ্যাবলী জনসম্মুখে প্রকাশ করতে ইচ্ছুক কিনা (ডিসক্লোজার পলিসি)

| ক্রমিক নং | তথ্যাবলী | হ্যাঁ | না |
|---|---|---|---|
| ১. | প্রকল্প ছক (এফডি ৬) | √ | |
| ২. | হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন | √ | |
| ৩. | বার্ষিক প্রতিবেদন | √ | |

| | | | |
|---|---|---|---|
| ৪. | প্রত্যেক কর্মএলাকার বাজেটসহ কর্মপরিকল্পনা | √ | |
| ৫. | উপকারভোগীদের ডাটাবেইজ | √ | |
| ৬. | প্রকল্পের output details | √ | |
| ৭. | মানবসম্পদ সংক্রান্ত তথ্যাবলি | √ | |
| ৮. | সংস্থার নির্বাহী কমিটির তথ্যাবলি | √ | |
| ৯. | যোগাযোগ মাধ্যম: টেলিফোন, মোবাইল, ই-মেইল ইত্যাদি | √ | |
| ১০. | তথ্য কর্মকর্তা | √ | |
| ১১. | অভিযোগ বহি ও অভিযোগ নিষ্পত্তি | √ | |

১০. প্রকল্পটি ইতিপূর্বে সমাপ্ত কোন প্রকল্পের সম্প্রসারিত বা নতুন ফেইজ কিনা, হলে নিচের তথ্যসমূহ প্রদান করুন ঃ
প্রকল্পটি ইতিপূর্বে সমাপ্ত কোন প্রকল্পের সম্প্রসারিত বা নতুন ফেইজ নয়

ক. সংলগ্নী-'ঙ' তে পূর্বের প্রকল্পের লক্ষ্যমাত্রা ও অর্জন উল্লেখ করুন
**প্রযোজ্য নহে**

খ. প্রকল্পটি নিরীক্ষিত কিনা, হলে কত তারিখে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হয়েছে
**প্রযোজ্য নহে**

গ. সম্প্রসারিত প্রকল্প/নতুন ফেইজ প্রকল্প গ্রহণের কারণসমূহ
**প্রযোজ্য নহে**

১১. প্রকল্পের আর্থিক সংস্থান :

| | | | |
|---|---|---|---|
| ক. | বিদেশ থেকে প্রাপ্ত অনুদান (বাংলাদেশী টাকায় পরিবর্তিত) | | ৪০০,০০০ |
| খ. | দেশে থেকে প্রাপ্ত বিদেশী দাতার স্থায়ীয় মুদ্রায় অনুদান | | প্রযোজ্য নহে |
| | | প্রাক-মোট | ৪০০,০০০ |
| গ. | স্থানীয় অনুদান (সংস্থার নিজস্ব) | | প্রযোজ্য নহে |
| ঘ. | স্থানীয় অনুদান (অন্যান্য উৎস্য থেকে) | | প্রযোজ্য নহে |
| | | প্রাক-মোট | প্রযোজ্য নহে |
| | | সর্ব-মোট | ৪০০,০০০ |
| ঙ. | স্থানীয় অনুদানের উৎস্য সমূহ কি কি এবং কোন উৎস থেকে কত টাকা | | প্রযোজ্য নহে |

১২. বিস্তারিত বাজেট বিবরণ :

| ক্রমিক নং | খাত | পরিমাণ | একক মূল্য | প্রকল্প বর্ষ-১ | প্রকল্প বর্ষ-২ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১. | **মিডিয়া কনটেন্ট এ্যানালাইসিস** | | | | | |
| | লীড এ্যানালিস্ট-এর সম্মানী (১ জন সর্বসাকুল্যে) | ১ | ৯০,০০০ | ৯০,০০০ | - | ৯০,০০০ |
| | প্রোগ্রাম ম্যানেজার-এর সম্মানী (১ জন সর্বসাকুল্যে) | ১ | ৬০,০০০ | ৬০,০০০ | - | ৬০,০০০ |
| | মনিটরিং অফিসারের-এর সম্মানী (১ জন সর্বসাকুল্যে) | ১ | ৪৫,০০০ | ৪৫,০০০ | - | ৪৫,০০০ |
| | ডাটা এ্যানালিস্ট-এর সম্মানী (১ জন সর্বসাকুল্যে) | ১ | ১৫,০০০ | ১৫,০০০ | - | ১৫,০০০ |
| | প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া আর্কাইভ চার্জ (৮ মিডিয়া x ৬ মাস) | ৬ | ১২,৩০০ | ৭৩,৮০০ | - | ৭৩,৮০০ |
| | স্টেশনারী ও সাপ্লাই | ১ | ৬,০০০ | ৬,০০০ | - | ৬,০০০ |
| | প্রাক মোট | | | ২,৮৯,৮০০ | - | ২,৮৯,৮০০ |
| | | | | | | |
| ২. | প্রশ্নপত্র জরিপ | ৫ | ৭৫০ | ৩,৭৫০ | - | ৩,৭৫০ |
| | প্রাক মোট | | | ৩,৭৫০ | - | ৩,৭৫০ |
| | | | | | | |
| ৩. | কি ইনফরমেন্ট ইন্টারভিউ | ৫ | ৭৫০ | ৩,৭৫০ | - | ৩,৭৫০ |
| | প্রাক মোট | | | ৩,৭৫০ | - | ৩,৭৫০ |
| | | | | | | |
| ৪. | ফোকাস গ্রুপ আলোচনা | ৩ | ২২,০০০ | ৬৬,০০০ | - | ৬৬,০০০ |
| | প্রাক মোট | | | ৬৬,০০০ | - | ৬৬,০০০ |
| | | | | | | |
| ৫. | বিশেষজ্ঞ দ্বারা রিপোর্ট মূল্যায়ন | ১ | - | - | - | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রাক মোট | | | - | - | - |
| | | | | | | |
| ৬. | চূড়ান্ত প্রতিবেদন (এ্যাকাউন্টস, অডিট ও রিপোর্টিং) | ১ | ৩৬,৭০০ | ৩৬,৭০০ | - | ৩৬,৭০০ |
| | প্রাক মোট | | | ৩৬,৭০০ | - | ৩৬,৭০০ |
| | | | | | | |
| | সর্ব মোট | | | ৪,০০,০০০ | - | ৪,০০,০০০ |

টিকা ঃ

ক) দাতা সংস্থা অনুমোদিত বাজেটের সাথে সামঞ্জস্য রেখে ব্যয়ের খাত ও বরাদ্দ নির্ধারণ করতে হবে। Economic Code থেকে খরচের খাত বাছাই করে বাজেট প্রণয়ণ করতে হবে। বাজেটে দেখানো হয়নি এমন কোন খাতে ব্যয় করা যাবে না।

খ) সংলগ্নী 'চ'-তে আসবাবপত্র অফিস যন্ত্রপাতি, মেশিনপত্র এবং যানবাহনের সংখ্যা ও বরাদ্দ দেখাতে হবে।

গ) প্রকল্প বাস্তবায়নের প্রাক্কালে সংলগ্নী 'ছ' তে ট্রেনিং, সেমিনার এবং ওয়ার্কসপের দিনপুঞ্জি জেলা প্রশাসকগণকে এবং এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল করতে হবে।

১৩. প্রকল্প বাস্তবায়নে বরাদ্দকৃত ওভারহেড কস্ট/প্রশাসনিক ব্যয় বিভাজন ঃ

| ক্র.নং | খাত | পরিমাণ | একক মূল্য | প্রকল্প বর্ষ-১ | প্রকল্প বর্ষ-২ | মোট |
|---|---|---|---|---|---|---|
| | **এ্যাডমিনিস্ট্রেটিভ কস্ট** | | | | | |
| | চূড়ান্ত প্রতিবেদন (এ্যাকাউন্টস, অডিট ও রিপোর্টিং) | ১ | ৩৬,৭০০ | ৩৬,৭০০ | - | ৩৬,৭০০ |
| | মোট | | | ৩৬,৭০০ | | ৩৬,৭০০ |

ওভারহেড কস্ট/প্রশাসনিক ব্যয় ও প্রকল্প ব্যয়ের অনুপাত ঃ **৯০.৮৩ ঃ ৯.১৭**

১৪. পরিবেশ সংরক্ষণে প্রকল্পটি কিভাবে সহায়তা করবে। প্রকল্পটি জলবায়ু পরিবর্তনে নেতিবাচক প্রভাব ফেলবে কিনা ঃ

প্রকল্পটি পরিবেশ সংরক্ষণ বা জলবায়ূ পরিবর্তনে কোন নেতিবাচক প্রভাব ফেলবে না। বরং এই গবেষনা প্রকল্পটি দুর্যোগ প্রশমন এবং ঝুঁকি হ্রাস করণে সংবাদকর্মীদের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনে নেতিবাচক প্রভাব হ্রাস করতে সহায়তা করবে।

১৫. প্রকল্প থেকে কি পরিমান কর্মসংস্থান সৃষ্টি হবে ঃ

| শ্রেণী | প্রকল্পে (প্রত্যক্ষ) | কর্মকান্ডের ফলে (পরোক্ষ) |
|---|---|---|
| ব্যবস্থাপনা | | |
| দক্ষ | | লীড এ্যানালিস্ট, প্রোগ্রাম ম্যানেজার, মনিটরিং অফিসার, ডাটা এ্যানালিস্ট, এফজিডি এক্সপার্ট=৫ জন |
| দক্ষ | | তা ছাড়াও ভেন্যু, হোটেল, ট্রান্সপোর্ট ও অডিটরস |
| দক্ষ | | |
| অদক্ষ | | |

| | | | |
|---|---|---|---|
| নাম | : হাসিবুর রহমান | নাম | : হাসিবুর রহমান |
| স্বাক্ষর | : | স্বাক্ষর | : |
| (প্রকল্প প্রণয়নকারী কর্মকর্তার) | | (সংস্থার প্রধান নির্বাহীর) | নির্বাহী পরিচালক |
| ঠিকানা | : ৮/১৯ স্যার সৈয়দ রোড (৪র্থ তলা), ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ঠিকানা | : ৮/১৯ স্যার সৈয়দ রোড (৪র্থ তলা), ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ |
| তারিখ | : ২২ জুলাই ২০১৩ | তারিখ | : ২২ জুলাই ২০১৩ |